

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট : www.nu.ac.bd/admissions

নীলফামারী সরকারি কলেজের ভর্তির ওয়েবসাইট : <https://nilgc.eshiksabd.com>

নীলফামারী সরকারি কলেজের কলেজ কোড : 3101

১। প্রাথমিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ: ২৪/১১/২০২৫ হতে ০৪/০১/২০২৬ খ্রি. পর্যন্ত।

২। আবেদন ফরমের ফি জমা প্রদানের নিয়মাবলীঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে গিয়ে আবেদন ফরম ডাউনলোড করার পর শিক্ষার্থীদেরকে কলেজের ওয়েবসাইট (<https://nilgc.eshiksabd.com>) এ প্রবেশ করে

User Name: nilgcstudent

Password: nilgcstudent

ব্যবহার করে মূল প্যানেলে প্রবেশ করতে হবে।

ফি জমাদানের প্রক্রিয়াঃ সফটওয়্যার এ Login করার পর এ ক্লিক করে সিলেক্ট করে , , ইনপুট করে এ ক্লিক করতে হবে। এরপর শিক্ষার্থীরা

মোবাইলে bKash→ Education Fee→Nilphamari Govt College→ Student ID (Admission Roll) দিয়ে নির্ধারিত ফি ১০০০ (একহাজার) টাকা পরিশোধ পূর্বক পেম্প্রিন্ট করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিভাগসমূহে জমা দিতে হবে।

কাগজপত্র/ তথ্যাদিঃ

(ক) অনলাইনে পূরণকৃত আবেদন ফরম A4 সাইজের সাদা অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে;

(খ) আবেদন ফরমের ফি প্রদানের পেম্প্রিন্টের কপি;

মানবিক শাখা : উদ্ভিদবিজ্ঞান বিভাগ
বিজ্ঞান শাখা : গণিত বিভাগ
ব্যবসায় প্রশাসন শাখা : ইতিহাস বিভাগ

৩। আবেদনের সাধারণ যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক, ব্যবসায় শিক্ষা শাখা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৪/২০২৫ সালের HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা ইন কমার্স শাখা / সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২২/২০২৩ সালের SSC/সমমান পরীক্ষার (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.০০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৪.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৪/২০২৫ সালের HSC (ভোকেশনাল) শাখা /সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ২.০০ ও ২০২২/২০২৩ সালের SSC/সমমান পরীক্ষার (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.২৫ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৪.৭৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০০ থাকতে হবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) / স্নাতক (সম্মান) প্রফেশনাল / স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।


ঙ) আবেদনকারী আবেদনপত্র কলেজে জমা প্রদান করার পর তার আবেদন অনলাইনে নিশ্চয়ন করা হলে আবেদনকারীর মোবাইল ফোনে এসএমএস যাবে। কোন আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে এসএমএস না পেলে নিম্নে বর্ণিত কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য বলা হলো। অনলাইনে নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

চ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ ও আসন বিন্যাস পরবর্তীতে বিজ্ঞপ্তি মারফত জানানো হবে।

৪) **প্রয়োজনে শিক্ষকগণের নাম ও মোবাইল নম্বর:** জনাব মনিশংকর দাশ গুপ্ত, সহযোগী অধ্যাপক (বাংলা), মোবাইল নং- ০১৭১২১০৪১০৫, জনাব মোঃ ময়নুল ইসলাম, সহকারী অধ্যাপক (গণিত), মোবাইল নং- ০১৭২২০৯২৮৪৫ ও জনাব মোঃ মনজুরুল আলম, সহকারী অধ্যাপক (ইতিহাস), মোবাইল নং- ০১৭৩৮১৫৩৯৯৮, জনাব মোঃ ওবায়দুল ইসলাম, প্রভাষক (পদার্থবিজ্ঞান), মোবাইল নং- ০১৭১৭২৭৭১১৭ ও জনাব মোঃ খাদেমুল ইসলাম, প্রদর্শক (উদ্ভিদবিজ্ঞান), মোবাইল নং- ০১৭৩৬৯০৭৯৫৫


বিঃদ্রঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nu.ac.bd/admissions থেকে জানা যাবে।

প্রতিশ্রাক্ষর


২৩.১১.২৫
(প্রফেসর মোঃ আমিনুল ইসলাম)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।


২৩/১১/২০২৫
(প্রফেসর সুলতানা জেসমিন)

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি/২০২৫-২৬

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

